তারিখ 13 MAR 1987
পৃষ্ঠা ... কলাম 7
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

13 012

# শিক্ষামন্ত্রী সকাশে ভার্সিটি শিক্ষকবৃন্দ

ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে ও ভবিষ্যতে উচ্ছৃংখল আচরণ থেকে বিরত থাকতে ছাত্রদের রাজী করাতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দ ও সিন্ডিকেট যে উদ্যোগ ও প্রচেষ্টা চালিয়েছেন সরকার তার প্রশংসা করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা বলা হয়।

বাসসর এই খবরে প্রকাশ, পুলিশ বাহিনী প্রত্যাহার করা হবে এবং আইনের যথাযথ প্রক্রিয়ার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১-এর পৃঃ পর)

মাধ্যমে গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি লাভ সম্ভব হতে পারে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ ভাইস-চ্যান্সেলর প্রফেসর এম এ মান্নানের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমানের সঙ্গে এক বৈঠকে মিলিত হন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদ্ভূত পরিস্থিতির বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতরে পুলিশ মোতায়েন ও গত দুই দিনের গোলযোগের সঙ্গে জড়িত ছাত্রদের গ্রেফতার প্রসঙ্গে আলোচনা হয়।

শিক্ষামন্ত্রী জোর দিয়ে বলেন যে আইন ও শৃংখলা বজায় রাখতেই আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হয়েছিল এবং তাদের অব্যাহত উপস্থিতি আর প্রয়োজনীয় বলে বিবেচিত না হলে পুলিশ প্রত্যাহার করে নেয়া হবে।

শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে প্রেসিডেন্ট এরশাদ ও তাঁর সরকারের আগ্রহ ও উদ্বেগের কথা প্রতিনিধি দলকে অবহিত করেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ শিক্ষামন্ত্রী ও প্রতিনিধি দল একমত হন যে এক শ্রেণীর ছাত্রের বেআইনী কার্যকলাপ, হিংসাত্মক তৎপরতা বা উচ্ছৃংখল আচরণ দুর্ভাগ্যজনক, অবাঞ্ছিত ও গোটা ছাত্র সমাজের শিক্ষার জন্য ক্ষতিকর। সুতরাং তারা একমত হন যে ক্যাম্পাসের ভেতরে বহিরাগত, অছাত্র ও অস্ত্রধারীরা যাতে শিক্ষার পরিবেশ কলুষিত করতে না পারে সেজন্যে সকল প্রচেষ্টা নেয়া হবে।

প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীর প্রতি ক্যাম্পাসের ভেতর থেকে পুলিশ বাহিনী প্রত্যাহার করতে ও গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি দিতে সরকারকে অনুপ্রাণীত করতে অনুরোধ জানান।

স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা করে শিক্ষামন্ত্রী প্রতিনিধি দলকে আশ্বাস দেন যে প্রতিনিধি দলের অনুরোধ এবং ক্যাম্পাসে অনুকূল পরিবেশ বজায় রাখতে শিক্ষক ও ছাত্ররা যে উদ্যোগ নেবেন তার পরিপ্রেক্ষিতে পুলিশ বাহিনী প্রত্যাহার করে নেয়া হবে এবং আইনের যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি লাভ সম্ভব হতে পারে।

প্রতিনিধি দল সরকার ও দুই মন্ত্রীকে ধন্যবাদ জানান।